



জামায়াত রেজিমেণ্টেড রাজনৈতিক দল: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বিএনপি সবসময় বহুদলীয় গণতন্ত্রে বিশ্বাস করে এবং দলটি দীর্ঘদিন ধরে গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে ভূমিকা রেখে আসছে। তিনি দাবি করেন, বিএনপির গণতান্ত্রিক অবস্থান নিয়ে প্রশ্ন তোলার সুযোগ নেই। শনিবার মুন্সীগঞ্জে বিভিন্ন কর্মসূচিতে অংশ নিয়ে তিনি বলেন, জামায়াতে ইসলামী একটি রেজিমেণ্টেড রাজনৈতিক দল এবং তাদের রাজনৈতিক দর্শন বিএনপির থেকে ভিন্ন। এ সময় স্থানীয়দের দাবির প্রেক্ষিতে মোল্লাচর সেতুর নির্মাণকাজ দ্রুত শুরু করার আশ্বাস দেন বিএনপি মহাসচিব। পাশাপাশি প্রধানমন্ত্রীর আসন্ন মালয়েশিয়া সফরে শ্রমবাজার ও দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বপূর্ণ বিষয়গুলো আলোচনায় আসবে বলেও আশা প্রকাশ করেন তিনি। পরে এক মতবিনিময় সভায় মির্জা ফখরুল বলেন, নতুন বাজেটে বিনিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক কার্যক্রম গতিশীল করার বিষয়কে গুরুত্ব দেওয়া হয়েছে। শিক্ষা ও স্বাস্থ্য খাতকে অগ্রাধিকার দেওয়ার বিষয়টিও তিনি উল্লেখ করেন। মুন্সীগঞ্জের ব্যবসায়ীদের উদ্দেশ্যে তিনি নতুন শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার আহ্বান জানান। তার মতে, বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়লে জেলার অর্থনৈতিক সম্ভাবনা আরও সম্প্রসারিত হবে। এ সময় জেলার জনপ্রতিনিধি, প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন সরকারি দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।